গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১২৩/২০১৯-২০২০
ঢাকা ১২ ডিসেম্বর বৃহস্পতিবার ২০১৯, ২৭ অগ্রহায়ণ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ২০৩০ সালের আগেই দেশ কুষ্ঠমুক্ত হবে : প্রধানমন্ত্রী
২। গ্রামীণ মানুষের উন্নয়নে কাজ করছে সরকার :
এসক্যাপের নির্বাহী সেক্রেটারির সঙ্গে বৈঠকে প্রধানমন্ত্রী
৩। বিশ্বায়নের যুগে পেশাগত জ্ঞান অর্জনের বিকল্প নেই : স্পিকার
৪। জলবায়ু পরিবর্তনের লাগাম টেনে ধরতে না পারলে ক্ষতিগ্রস্ত হবে কৃষি : কৃষিমন্ত্রী
৫। খালেদা জিয়ার জামিন নিয়ে হস্তক্ষেপ করছে না সরকার : জামালপুরে স্বরাষ্ট্রমন্ত্রী
৬। অর্থমন্ত্রীর সঙ্গে এসক্যাপের নির্বাহী সেক্রেটারির সাক্ষাৎ
জলবায়ু পরিবর্তনে বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রা ব্যাহত হচ্ছে
৭। ঢাকাকে দৃষ্টিনন্দন করার মহাপরিকল্পনা নেয়া হচ্ছে : স্থানীয় সরকার মন্ত্রী
৮। ন্যায়বিচার প্রতিষ্ঠায় ফরেনসিক মেডিসিন বিশেষজ্ঞদের দায়িত্বশীল হতে হবে : শিক্ষামন্ত্রী
৯। নাগরিকত্ব বিল ভারতের ধর্মনিরপেক্ষ অবস্থানকে দুর্বল করবে : পররাষ্ট্রমন্ত্রী
১০। টেকসই উন্নয়নে আর্থিক সেবা আগের চেয়ে অনেক সহজ করা হয়েছে : পরিকল্পনামন্ত্রী
১১। বেলারুশে পণ্যের তালিকা পাঠানো হচ্ছে : বেলারুশের উপপররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে সাক্ষাতে বাণিজ্যমন্ত্রী
১২। ভূমি কর্মকর্তাদের বদলি লটারির মাধ্যমে : ভূমিমন্ত্রী
১৩। ঢাকার চারপাশে বৃত্তাকার নৌপথ চালুর পরিকল্পনা হচ্ছে : নৌ প্রতিমন্ত্রী
১৪। মিয়ানমারের সেনা কর্মকর্তাদের বিরুদ্ধে অর্থনৈতিক নিষেধাজ্ঞা আরোপ করেছে যুক্তরাষ্ট্র
১৫। রোহিঙ্গা ফেরাতে কাজ করছে যুক্তরাজ্য : রবার্ট ডিকসন
১৬। পদ্মাসেতুতে বসানো হলো ১৮তম স্প্যান : দৃশ্যমান পৌনে তিন কিলোমিটার
১৭। বিদ্যুৎ সঞ্চালন ও মেট্রোলাইন-৫-এর নকশা প্রণয়নে ঋণ দিচ্ছে এডিবি
১৮। মানব উন্নয়ন সূচকে বাংলাদেশ একধাপ এগিয়ে ১৩৫তম : হিউম্যান ডেভেলপমেন্টের রিপোর্ট
১৯। কেরানীগঞ্জে প্লাস্টিক কারখানায় ভয়াবহ আগুনে নিহত ১, গুরুতর দগ্ধ ৩৫
মৃতের সংখ্যা বাড়তে পারে

চলমান পাতা-২

**১। ২০৩০ সালের আগেই দেশ কুষ্ঠমুক্ত হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০৩০ সালের আগেই দেশ থেকে কুষ্ঠরোগ নির্মূল করার অঙ্গীকার ব্যক্ত করে এ লক্ষ্য অর্জনে সহায়তা প্রদানে কুষ্ঠরোগীদের জন্য ওষুধ তৈরি এবং বিনামূল্যে বিতরণ করার জন্য স্থানীয় ওষুধ কোম্পানিগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল (১১ ডিসেম্বর বুধবার) প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে '২০৩০ সালের মধ্যে শূন্য কুষ্ঠ উদ্যোগ' শীর্ষক জাতীয় সম্মেলন-২০১৯ উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী এ আহ্বান জানিয়েছেন। ২০৩০ সালের আগেই কুষ্ঠমুক্ত বাংলাদেশ গড়ে তোলার লক্ষে জাতীয় কুষ্ঠ কার্যক্রম জোরদার করার জন্য স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা, মাঠপর্যায়ের কর্মীসহ সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী কুষ্ঠরোগে আক্রান্ত লোকদের প্রতি নেতিবাচক মনোভাব পরিহার করার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬)।

**২। গ্রামীণ মানুষের উন্নয়নে কাজ করছে সরকার : এসক্যাপের নির্বাহী সেক্রেটারির সঙ্গে বৈঠকে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সরকার গ্রামকে কেন্দ্র করে উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করছে। গতকাল (১১ ডিসেম্বর বুধবার) গণভবনে জাতিসংঘের আন্ডার সেক্রেটারি জেনারেল ও ইউনাইটেড নেশনস ইকোনমিক অ্যান্ড সোস্যাল কমিশন ফর এশিয়া অ্যান্ড দ্য প্যাসিফিকের (এসক্যাপ) নির্বাহী সেক্রেটারি আরমিদা সালসিয়াহ আলিসজাহবানার সঙ্গে বৈঠকে তিনি একথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫)।

**৩। বিশ্বায়নের যুগে পেশাগত জ্ঞান অর্জনের বিকল্প নেই : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, বিশ্বায়নের যুগে চ্যালেঞ্জ মোকাবিলায় পেশাগত জ্ঞান অর্জনের বিকল্প নেই। পেশাগত দক্ষতা উন্নয়নে এনডিসি ও এএফডব্লিউসি কোর্স খুবই গুরুত্বপূর্ণ। এসময় তিনি একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবিলায় ও দেশের উন্নয়নে এনডিসি কোর্সের গ্র্যাজুয়েটদের কাজ করার আহ্বান জানান। তিনি গত ১০ ডিসেম্বর মঙ্গলবার রাজধানীতে ন্যাশনাল ডিফেন্স কলেজ, বাংলাদেশ আয়োজিত 'ন্যাশনাল ডিফেন্স কোর্স-২০১৯ ও আর্মড ফোর্সেস ওয়ার কোর্স-২০১৯' এর গ্র্যাজুয়েশন নৈশভোজে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)।

**৪। জলবায়ু পরিবর্তনের লাগাম টেনে ধরতে না পারলে ক্ষতিগ্রস্ত হবে কৃষি : কৃষিমন্ত্রী**

জলবায়ু পরিবর্তনের লাগাম টেনে ধরতে না পারলে কৃষির উৎপাদন মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবে। এতে বিশ্বে খাদ্য সংকট প্রকট আকার ধারণ করবে বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক। গতকাল (১১ ডিসেম্বর বুধবার) খামারবাড়ি কৃষিবিদ ইনস্টিটিউশনে 'ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার ইনভেস্টমেন্ট প্লান ও লাইভস্টক এন্ড ডেইরি ডেভেলপমেন্ট প্রজেক্টের' উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ গ্রহণ করেছে উল্লেখ করে তিনি বলেন, এর ফলে বাংলাদেশ জলবায়ুজনিত সমস্যা মোকাবিলায় সক্ষম হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

**৫। খালেদা জিয়ার জামিন নিয়ে হস্তক্ষেপ করছে না সরকার : জামালপুরে স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, খালেদা জিয়ার জামিনের ব্যাপারে সরকার কোনো হস্তক্ষেপ করছে না। তার জামিন দেয়া, না দেয়া সম্পূর্ণ আদালতের এখতিয়ার। আদালত স্বাধীনভাবেই কাজ করছে। গতকাল (১১ ডিসেম্বর বুধবার) জামালপুর জেলা পুলিশের অফিসার্স ক্লাব ভবনে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। সূত্র : **যুগান্তর** (পৃ.৩,ক.৪), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.১)।

**৬। অর্থমন্ত্রীর সঙ্গে এসক্যাপের নির্বাহী সেক্রেটারির সাক্ষাৎ**
**জলবায়ু পরিবর্তনে বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রা ব্যাহত হচ্ছে**

জলবায়ু পরিবর্তনের ফলে উদ্ভূত নানা প্রভাবের মুখোমুখি হয়ে বিশ্বের ভবিষ্যৎ হুমকির মধ্যে রয়েছে। জলবায়ু পরিবর্তনে বাংলাদেশের কোনো ভূমিকা না থাকলেও আমরা জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবের শিকার, যা আমাদের উন্নয়ন অগ্রযাত্রাকে ব্যাপকভাবে বাধাগ্রস্ত করছে। জলবায়ু পরিবর্তনের কারণে জলোচ্ছ্বাস বেড়েছে। সাগরের পানি বাড়ার সঙ্গে সঙ্গে বেড়েছে খরস্রোত। জলবায়ুর চরম ঝুঁকিতে রয়েছে বাংলাদেশ ও মালদ্বীপের মতো দেশগুলো। জলবায়ু পরিবর্তন থেকে উদ্ভূত প্রভাবকে টেকসইভাবে সমাধানের জন্য আন্তর্জাতিক বিভিন্ন সংস্থাকে অগ্রণী ভূমিকা পালন করতে হবে। গতকাল (১১ ডিসেম্বর বুধবার) রাজধানীর শেরেবাংলানগরে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সঙ্গে জাতিসংঘের আন্ডার সেক্রেটারি জেনারেল ও ইউনাইটেড নেশনস ইকোনমিক অ্যান্ড সোস্যাল কমিশন ফর এশিয়া অ্যান্ড দ্য প্যাসিফিকের (এসক্যাপ) নির্বাহী সচিব আরমিদা সালসিয়াহ আলিসজাহবানার সৌজন্য সাক্ষাৎ করতে এলে তিনি এ কথা বলেন। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**৭। ঢাকাকে দৃষ্টিনন্দন করার মহাপরিকল্পনা নেয়া হচ্ছে : স্থানীয় সরকার মন্ত্রী**

রাজধানী ঢাকাকে কিভাবে বিশ্বের অন্যান্য দেশের রাজধানীর ন্যায় দৃষ্টিনন্দন করা যায় তার মহাপরিকল্পনা নেয়া হচ্ছে বলে জানিয়েছেন স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম। এছাড়া রাজধানীর বর্জ্য সঠিক উপায়ে নিষ্কাশনের জন্য দাশেরকান্দি পয়ঃশোধনাগার প্রকল্প ছাড়াও আরও চারটি স্যুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপনের পরিকল্পনা রয়েছে ও অপরিকল্পিত খোঁড়াখুঁড়ি রোধে মাস্টার প্ল্যানের মাধ্যমে সমন্বয় করে উন্নয়ন কাজ করা হবে বলেও জানান তিনি। গতকাল (১১ ডিসেম্বর বুধবার) রাজধানীর আফতাবনগর সংলগ্ন দাশেরকান্দি এলাকায় চলমান দাশেরকান্দি পয়ঃশোধনাগার প্রকল্প পরিদর্শন শেষে মন্ত্রী সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.১৪,ক.৫)।

**৮। ন্যায়বিচার প্রতিষ্ঠায় ফরেনসিক মেডিসিন বিশেষজ্ঞদের দায়িত্বশীল হতে হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, বিচার সম্পাদন করতে ফরেনসিক রিপোর্টের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। সঠিক প্রক্রিয়ায়, স্বল্প সময়ের মধ্যে যথাযথ রিপোর্ট প্রদান না করতে পারলে ন্যায়বিচার প্রক্রিয়া ব্যাহত হয়। অপরাধী সনাক্তকরণে সমস্যা হয়। নিরপরাধ ব্যক্তি শাস্তি পেয়ে যেতে পারে। এ ক্ষেত্রে ফরেনসিক বিশেষজ্ঞদের দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। গতকাল (১১ ডিসেম্বর বুধবার) রাজধানীর কৃষিবিদ ইন্সটিটিউটে 'জাস্টিস থ্রু ল, মেডিসিন অ্যান্ড সাইন্স' সেশনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.২)।

**৯। নাগরিকত্ব বিল ভারতের ধর্মনিরপেক্ষ অবস্থানকে দুর্বল করবে : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, বিতর্কিত নাগরিকত্ব সংশোধনী বিল ভারতের ঐতিহাসিক ধর্মনিরপেক্ষ অবস্থানকে দুর্বল করবে। গতকাল (১১ ডিসেম্বর বুধবার) পররাষ্ট্র মন্ত্রণালয়ে মার্কিন রাষ্ট্রদূত রবার্ট মিলারের সঙ্গে বৈঠকের পর তিনি সাংবাদিকদের এ কথা বলেন। মন্ত্রী বলেন, ভারত ঐতিহাসিকভাবে একটি সহনশীল দেশ। তারা ধর্মনিরপেক্ষতায় বিশ্বাস করে এবং সেখান থেকে পদস্খলন হলে ভারতের যে ঐতিহাসিক অবস্থান সেটা দুর্বল হবে। সূত্র : **ইত্তেফাক** ( শেষ পৃ,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.৬)।

**১০। টেকসই উন্নয়নে আর্থিক সেবা আগের চেয়ে অনেক সহজ করা হয়েছে : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, এশিয়া-প্যাসিফিক অঞ্চলের টেকসই উন্নয়নে আঞ্চলিক ও বহুমাত্রিক সহযোগিতা জোরদার করা প্রয়োজন। বাংলাদেশ সরকার আঞ্চলিক যোগাযোগ বাড়াতে প্রতিবেশি দেশগুলোর সঙ্গে সম্পর্ক উন্নয়ন করছে। তিনি বলেন, আর্থিক সেবা আগের চেয়ে অনেক সহজ করা হয়েছে। এরই মধ্যে নানা সাফল্য এসেছে। এরপরও অনেক চ্যালেঞ্জ আছে, বিশেষ করে ঋণের সুদহার কমানো এবং তা স্থিতিশীল রাখা। গতকাল (১১ ডিসেম্বর বুধবার) রাজধানীর ইন্টারকন্টিনেন্টাল হোটেলে অন্তর্ভুক্তিমূলক ও টেকসই উন্নয়নের ওপর এশিয়া-প্যাসিফিক সম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**১১। বেলারুশে পণ্যের তালিকা পাঠানো হচ্ছে : বেলারুশের উপপররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে সাক্ষাতে বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন, বেলারুশের সঙ্গে বাংলাদেশের বিপুল বাণিজ্য ও বিনিয়োগের সম্ভাবনা রয়েছে। এ সম্ভাবনাকে কাজে লাগাতে ইতোমধ্যে রফতানিযোগ্য পণ্যের তালিকা বেলারুশে পাঠানো হয়েছে। তিনি বলেন, উভয় দেশের বাণিজ্য ও অর্থনৈতিক সহযোগিতা বাড়াতে ইতোমধ্যে চুক্তি এবং প্রটোকল স্বাক্ষর হয়েছে। বেলারুশে বাংলাদেশের তৈরি পোশাক, আলু ও বিভিন্ন কৃষিপণ্যের প্রচুর চাহিদা রয়েছে। বাণিজ্য জটিলতাগুলো দূর হলে রফতানি বাড়বে। বাণিজ্যমন্ত্রী গতকাল (১১ ডিসেম্বর বুধবার) বাংলাদেশে সফররত বেলারুশের উপপররাষ্ট্রমন্ত্রী অ্যান্ড্রেই দেবকুনাসের সঙ্গে মতবিনিময়ের সময় এসব কথা বলেন। সূত্র : **যুগান্তর** (পৃ.১৯,ক.৫), **সমকাল** (পৃ.১৩,ক.৫)।

**১২। ভূমি কর্মকর্তাদের বদলি লটারির মাধ্যমে : ভূমিমন্ত্রী**

ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী বলেছেন, ভূমি মন্ত্রণালয়ে কর্মকর্তাদের পদায়ন ও বদলি কার্যক্রম হবে লটারির মাধ্যমে। তদবির বাণিজ্য ও দুর্নীতি রোধ করে ভূমি খাতে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে এ ব্যবস্থা নেওয়া হয়েছে। গতকাল (১১ ডিসেম্বর বুধবার) সচিবালয়ে মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে এক অনুষ্ঠানে ভূমিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.৫,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৮)।

**১৩। ঢাকার চারপাশে বৃত্তাকার নৌপথ চালুর পরিকল্পনা হচ্ছে : নৌ প্রতিমন্ত্রী**

ঢাকার চারপাশের বৃত্তাকার নৌপথ চালুর জন্য নদীর উপরে কম উচ্চতার ১৫ সেতু উঁচু করে নির্মাণের পরিকল্পনা নেয়া হচ্ছে। ঢাকার চারপাশে বৃত্তাকার নৌপথ চালু সরকার সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। এছাড়া ঢাকার বুড়িগঙ্গা, শীতলক্ষ্যা, তুরাগ, বালু ও ধলেশ্বরী নদীর দখল ও দুষণরোধে উচ্ছেদ অভিযান অব্যাহত থাকবে। নদী দখল ও দূষণকারীদের কোনো ছাড় দেয়া হবে না বলে জানিয়েছেন নৌ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। গতকাল (১১ ডিসেম্বর বুধবার) সচিবালয়ে এক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৩), **যগান্তর** (পৃ.২,ক.১)।

**১৪। মিয়ানমারের সেনা কর্মকর্তাদের বিরুদ্ধে অর্থনৈতিক নিষেধাজ্ঞা আরোপ করেছে যুক্তরাষ্ট্র**

বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলার বলেছেন, চরমভাবে মানবাধিকার লঙ্ঘনের জন্য মিয়ানমারের চার জ্যেষ্ঠ সেনা কর্মকর্তার বিরুদ্ধে অর্থনৈতিক নিষেধাজ্ঞা আরোপ করেছে তাঁর দেশ। আন্তর্জাতিক মানবাধিকার দিবস উপলক্ষে এ নিষেধাজ্ঞা দেয়া হয়। গতকাল (১১ ডিসেম্বর বুধবার) পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেনের সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। সূত্র : **যুগান্তর** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.১)।

**১৫। রোহিঙ্গা ফেরাতে কাজ করছে যুক্তরাজ্য : রবার্ট ডিকসন**

ঢাকায় নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার রবার্ট চ্যাটারটন ডিকসন বলেছেন, বাংলাদেশে আশ্রয় নেওয়া দশ লাখেরও বেশি রোহিঙ্গাকে মিয়ানমারে ফেরত পাঠাতে আন্তর্জাতিক সম্প্রদায়ের সঙ্গে যুক্তরাজ্য কাজ করছে। এজন্য যুক্তরাজ্য সবসময় বাংলাদেশ সরকারের পাশে থাকবে। গতকাল (১১ ডিসেম্বর বুধবার) সাভারের গরমোড়া এলাকায় পক্ষাঘাতগ্রস্তদের পুনর্বাসন কেন্দ্র সিআরপির ৪০তম প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.৫,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২)।

**১৬। পদ্মাসেতুতে বসানো হলো ১৮তম স্প্যান : দৃশ্যমান পৌনে তিন কিলোমিটার**

পদ্মাসেতুতে বসানো হয়েছে ১৮তম স্প্যান। ফলে সেতুর প্রায় পৌনে তিন কিলোমিটার অংশ দৃশ্যমান হয়েছে। গতকাল (১১ ডিসেম্বর বুধবার) সেতুর মাওয়া অংশে ১৭ ও ১৮ নাম্বার পিলারে বসানো হয় স্প্যানটি। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২)।

**১৭। বিদ্যুৎ সঞ্চালন ও মেট্রোলাইন-৫-এর নকশা প্রণয়নে ঋণ দিচ্ছে এডিবি**

বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থার উন্নয়ন এবং মেট্রোলাইন-৫ এর নকশা প্রণয়নের পৃথক দুটি প্রকল্পে ঋণচুক্তি করেছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। গতকাল (১১ ডিসেম্বর বুধবার) শেরেবাংলানগরস্থ ইআরডি সম্মেলন কক্ষে এ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। এ লক্ষে এডিবি'র সঙ্গে ৩৩৩ দশমিক ২৬ মিলিয়ন মার্কিন ডলারের ঋণ ও প্রকল্প চুক্তি স্বাক্ষর হয়েছে। সরকারের পক্ষে ঋণ চুক্তিতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সচিব মনোয়ার আহমেদ ও প্রকল্প চুক্তিতে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের ফোকাল পারসন মো. মাহবুব উল আলম এবং এডিবির কান্ট্রিডিরেক্টর মনমোহন প্রকাশ চুক্তি ও ঋণপত্রে স্বাক্ষর করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.২)।

**১৮। মানব উন্নয়ন সূচকে বাংলাদেশ একধাপ এগিয়ে ১৩৫তম : হিউম্যান ডেভেলপমেন্টের রিপোর্ট**

জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) মানব উন্নয়ন প্রতিবেদন অনুযায়ী বৈশ্বিক মানব উন্নয়ন সূচকে একধাপ এগিয়ে ১৩৫তম স্থান অর্জন করেছে বাংলাদেশ। ১৮৯টি দেশ নিয়ে এ সূচক তৈরি করা হয়েছে। গতবছর বাংলাদেশের অবস্থান ছিল ১৩৬তম। গতকাল (১১ ডিসেম্বর বুধবার) রাজধানীর শেরেবাংলানগরের এনইসি সম্মেলনকক্ষে 'হিউম্যান ডেভেলপমেন্ট রিপোর্ট-২০১৯' প্রকাশিত হয়। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭)। **নিউজ টুডে** (পৃ.১,ক.২)।

**১৯। কেরানীগঞ্জে প্লাস্টিক কারখানায় ভয়াবহ আগুনে নিহত ১, গুরুতর দগ্ধ ৩৫**
**মৃতের সংখ্যা বাড়তে পারে**

ঢাকার দক্ষিণ কেরানীগঞ্জের চুনকুটিয়া এলাকায় প্লাস্টিক সামগ্রী তৈরির একটি কারখানায় ভয়াবহ আগুনে নিহত হয়েছে একজন। দগ্ধ হয়েছে অন্তত ৩৫ জন। তাদের প্রায় সবার অবস্থা গুরুতর। ফলে মৃতের সংখ্যা বাড়তে পারে বলে চিকিৎসকরা আশঙ্কা করছেন। গতকাল (১১ ডিসেম্বর বুধবার) 'প্রাইম পেট অ্যান্ড প্লাস্টিক ইন্ডাস্ট্রিজ' নামের এ কারখানাটিতে আগুন লাগে। ফায়ার সার্ভিসের ১০টি ইউনিট দুই ঘণ্টার চেষ্টায় সন্ধ্যা ৬টার দিকে আগুন নিয়ন্ত্রণে আনে। দগ্ধদের প্রায় সবাই কারখানাটির শ্রমিক। তাদের মধ্যে ২৮ জনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটে ভর্তি করা হয়েছে। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু ঘটনাস্থল পরিদর্শন করেন এবং মর্মান্তিক এ ঘটনার জন্য দুঃখ প্রকাশ করেন। সূত্র : **সমকাল** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭)।

## সম্পাদকীয়

ক. **যুগান্তর :** যৌক্তিক ও অত্যাবশ্যকীয় কারণ ছাড়া সরকারি কর্মকর্তাদের ঘন ঘন বিদেশ ভ্রমণে বিরক্তি প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা উল্লেখ করে রাষ্ট্রীয় কোষাগারের অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে অহেতুক বিদেশ ভ্রমণ কমিয়ে আনার উদ্যোগ নেওয়ার সুপারিশ।

খ : **সমকাল :** বিশ্বের বিভিন্ন দেশের সাথে সাথে বাংলাদেশেও দীর্ঘ সময় ধরে ধর্মাভিত্তিক এবং অন্য সাধারণ যেসব দল রাজনীতিতে ধর্মের ব্যবহার করছে, তারাই ধর্মীয় উগ্রবাদ বিস্তারে ভূমিকা রাখছে উল্লেখ করে জঙ্গিবাদ-উগ্রবাদ-সন্ত্রাস দমনে বাংলাদেশের সাফল্যের পথ আরও নিষ্কন্টক করতে উদ্যোগী হওয়ার আহ্বান।

গ. **যায়যায়দিন :** মূল্যস্ফীতির হার বেড়েছে উল্লেখ করে এ ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঘ. **বণিক বার্তা :** এডিপি বাস্তবায়নের শ্লথ গতির কথা উল্লেখ করে উন্নত বিশ্বের দৃষ্টান্ত অনুসরণ, তদারকি বৃদ্ধি ও পদ্ধতিগত বাধাগুলো দূরের মাধ্যমে এডিপি বাস্তবায়নে গতি আনতে সরকার কার্যকর উদ্যোগ নেবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **অবজারভার :** নৌদুর্ঘটনা রোধে ফিটনেসবিহীন নৌযান চলাচলে নিষেধাজ্ঞার দাবি।

চ. **ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশ কোস্টগার্ড কর্তৃক টেকনাফ সীমান্তে ২৮ হাজার ইয়াবা ট্যাবলেট আটক করার কথা উল্লেখ করে ইয়াবা বিস্তার রোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

## উপসম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মুক্তিযোদ্ধাদের একটি সঠিক তালিকা প্রণয়ন করতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **' ইন্টারনেট ব্যবহারের নাগরিক দায়বোধ'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, ইন্টারনেটের অপব্যবহার রোধে কঠোর পদক্ষেপ নেয়ার পাশাপাশি জণগনের মাঝে এ সম্পর্কিত সচেতনতা বাড়ানোর উদ্যোগ নিতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৯/৯.০০ঘন্টা